গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা - ১২১২

স্মারক নংঃ- স্বাঃ শিঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/বিডিএস/২০২০-২০২১/৪৮৯ তারিখ: ২৩- ০৩-২০২১ খ্রিঃ

# (বিডিএস কোর্সে ভর্তিচ্ছু ছাত্র ছাত্রীদের জন্য বিস্তারিত নির্দেশনা)

## ১ম বর্ষ বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা (২০২০-২০২১ শিক্ষাবর্ষ)

**সকল সরকারি ও বেসরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট/ইনস্টিটিউট এর জন্য প্রযোজ্য**

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিডিএস কোর্সে ভর্তির আবেদন "বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল" কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী অনলাইনে আবেদনপত্র নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে ঃ

০১. আবেদনকারী বাংলাদেশের নাগরিক হবেন।

০২. যারা ইংরেজি ২০১৭ বা ২০১৮ সনে এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং ইংরেজি ২০১৯ বা ২০২০ সনে এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞানসহ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা আবেদনের যোগ্য। ইংরেজি ২০১৭ সনের পূর্বে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৩. সকল দেশী ও বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ হতে হবে। সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদনের যোগ্য হবেন না।
সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি **৩.৫০ থাকতে হবে। এই বিষয়টি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে ভর্তিচ্ছু বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।**

০৪. BDS ভর্তি পরীক্ষার Online ফরম পূরণের নিয়মাবলীঃ

০৪.১ অনলাইনে আবেদন পত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলী ভাল ভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী অত্যন্ত সতর্কতার সাথে ফরম পূরণ করতে হবে।

০৪.২ Website: http://dghs.teletalk.com.bd

০৪.৩ Website এ প্রবেশের আগে নিম্নে বর্ণিত জিনিসগুলো সাথে রাখতে হবে। এগুলো না থাকলে ফরম পূরণ শেষ না করেই Website থেকে বের হয়ে আসতে হবে। অনলাইনে আবেদন ফরম পুরণ করার পর, **টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে ১০০০ (এক হাজার)** টাকা ফিস অবশ্যই জমা দিতে হবে। ফিস জমা দেয়ার পর আবেদন পত্র চুড়ান্ত ভাবে গৃহীত হবে।

০৪.৪ (১) 300 × 300 pixel মাপের নিজের একটি রঙ্গীন ছবি (jpg) অপলোড করতে হবে। ছবির ফাইলের সাইজ 100 KB এর বেশী হবে না। (স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা ছবি হলে চলবে)
(২) 300 × 80 pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর **(jpg) অপলোড করতে হবে;** (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB এর বেশী হবে না। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরীকরা ও মিলিয়ে দেখার জন্য এই Home Page এ একটি Link দেওয়া আছে।

০৪.৫ উপরের দুইটাই (ছবি ও স্বাক্ষর) কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website এ ঢুকবেন) অথবা Pendrive এ পূর্ব থেকে রাখতে হবে। কম্পিউটারের সাথে প্রিন্টার থাকা প্রয়োজন।

০৪.৬ ইংরেজিতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদি সহ) লিখিত ভাবে নিজের কাছে রাখতে হবে।

০৪.৭ ভর্তিচ্ছু ডেন্টাল কলেজ, মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট গুলোর নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া উচিৎ। কারণ পছন্দক্রম একবার দেওয়ার পর আর বদলানো যাবে না। **কলেজ কোডগুলো 51 থেকে 59 (সারণি-২ দ্রষ্টব্য) জানা থাকতে হবে। ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনে জন্য কেন্দ্রের নাম ও কোড নম্বর সারণি-১ দেওয়া হয়েছে।**

০৪.৮ উপরোক্ত তথ্যগুলি এবং সাথে এই নিয়মাবলীর একটি কপি প্রস্তুত থাকলে -

০৪.৯ http://dghs.teletalk.com.bd ক্লিক করতে হবে। প্রথমে ভর্তির নিয়মাবলীর একটি সংযোগ দেখা যাবে। সেটা ক্লিক করে ভালভাবে পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরৎ আসতে হবে।

০৪.১০ এখানে দুটি অপশন আছে। একটি SSC/HSC/Alim ইত্যাদি পাশ করেছে তাদের জন্য; আরেকটি যারা O- Level/A-Level বা বিদেশ থেকে পাশ করেছে। দ্বিতীয় ধরনের প্রার্থীদের Director, Medical Education এর কাছ থেকে ফরম পূরনের পূর্বেই Equivalence Certificate ও ID সংগ্রহ করতে হবে। ID ছাড়া ফরম পুরণ করা যাবে না। ইতোমধ্যে যারা এমবিবিএস ভর্তি পরীক্ষার জন্য Equivalence Certificate ও ID নিয়েছেন তাদের নতুন করে Equivalence Certificate ও ID নেওয়ার প্রয়োজন নাই।

০৪.১১ প্রথম অপশনে ক্লিক করুন। পৃষ্ঠার নিচে Next হাইলাইট হবে এবং সেটা ক্লিক করুন। দ্বিতীয় পৃষ্ঠা আসবে।

০৪.১২ এখানে SSC, HSC ইত্যাদির Roll Number, Registration Number, Board, Year পূরণ করতে হবে। প্রার্থীর উপজাতীয় কোটায় সুযোগ থাকলে তাকে Tribal বাটন ক্লিক করতে হবে। এটা ক্লিক না করলে পরের পৃষ্ঠায় উপজাতির সংশ্লিষ্ট অপশনের সুযোগ থাকবে না এবং উপজাতির কোটায় নির্ধারিত GPA ৮.০০ কার্যকরী হবেনা। **উপজাতি কোটায় আবেদনকারী প্রার্থীদের উপজাতি সনদের স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে, স্মারক নম্বর/ সনদের নম্বর ও তারিখ ছাড়া উপজাতি কোটায় অনলাইন এন্ট্রি হবে না।** কোটায় ভর্তির সুযোগ পেলে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজ দেখাতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে। পরে এই অপশন বদল করার কোন সুযোগ নেই।

০৪.১৩ এখানে কোন কিছু ভুল হলে Reset ক্লিক করে আবার পূরণ করতে হবে। সব তথ্য সঠিকভাবে পূরণ হলে Next ক্লিক করে পরের পৃষ্ঠায় যেতে হবে।

০৪.১৪ এ পৃষ্ঠার উপরের অংশে প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্মতারিখ এবং পৃষ্ঠার মাঝামাঝি পরীক্ষায় প্রাপ্ত লেটারগ্রেডসমূহ ও গ্রেড পয়েন্ট স্বয়ংক্রীয় ভাবে চলে আসবে। (O level / A level প্রার্থীরা তাদের অপশনে গিয়ে নিজেরা পূরণ করবেন)।

০৪.১৫ পরীক্ষার সময় ইংরেজী প্রশ্নের প্রয়োজন হলে এখানে Question Language ইংরেজী অপশন পূরণ করতে হবে।

০৪.১৬ Home District পূরণ করতে হবে। পূরণকৃত জেলার কোটায় ভর্তির আসন বরাদ্দ পেলে, ভর্তির সময় সেই জেলার সার্টিফিকেট দেখাতে না পারলে, বরাদ্দকৃত আসন বাতিল হয়ে যাবে। অন্যান্য কোটার ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে।

০৪.১৭ পূর্বের পৃষ্ঠায় **Tribal Quota** এ ক্লিক করে থাকলে, এখানে **Tribal Quota** লিস্ট (সারণি-৪) থেকে প্রযোজ্য কোডটি নির্বাচন করতে হবে।

০৪.১৮ মুক্তিযোদ্ধা কোটার (বীর মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানদের সন্তান) দাবিদার হলে এখানে Eligible for Freedom Fighter Quota বাটনে ক্লিক করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার দাবিদার প্রার্থীর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান সমূহ অনুসরণ করা হবে। ভুল করে এই মুক্তিযোদ্ধা কোটা অপশন দিলে কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে।

০৪.১৯ এরপর Present Address ও Permanent Address পূরণ করতে হবে। তারকা চিহ্নিত অংশ পূরণ করতেই হবে। না করলে পরের পৃষ্ঠায় যাওয়া যাবে না। Present Address ও Permanent Address এক হলে Permanent Address এর সামনের বাটনে ক্লিক করলেই চলবে।

০৪.২০ এগার (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালীন সার্বক্ষনিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে USER ID, PASSWORD ও পরীক্ষার কেন্দ্রের নাম SMS এর মাধ্যমে আসবে। দ্বিতীয় ঘরে দ্বিতীয় মোবাইল নম্বর দেওয়া উচিৎ, প্রয়োজনে যোগাযোগের জন্য।

০৪.২১ এরপর Choice Option পূরণ করতে হবে। বাম পাশের কলেজে/ইউনিটের লিষ্ট থেকে পছন্দের কলেজ/ইউনিট হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে কলেজ/ ইউনিটগুলোকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম। কলেজ/ইউনিট পছন্দের তালিকায় কমসংখ্যক কলেজ/ ইউনিটের নাম থাকলে মেধা তালিকায় থাকা সত্বেও অপেক্ষমান তালিকায় নাম চলে যাওয়া এবং আসন না পাওয়ার সম্ভাবনা বেশী থাকে। এখানে কোনভাবেই ভুল করা যাবে না।

০৪.২২ এবার পূর্ব থেকে তৈরী করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে।

০৪.২৩ Validation Code যেভাবে দেওয়া আছে, সেভাবে টাইপ করতে হবে।

০৪.২৪ পৃষ্ঠার শেষে Declaration বাটনে ক্লিক করে **Submit** ক্লিক করতে হবে।

০৪.২৫ কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরের পৃষ্ঠা দেখা যাবে। ছবি ও স্বাক্ষর সাইজ মত না হলে আপলোড হবে না। ছবি ও স্বাক্ষর সাইজ মত করার অপশন অনলাইনে থাকবে।

০৪.২৬ এই পৃষ্ঠায় একটি User ID নম্বর দেখা যাবে। এই নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে, কারণ এটা দিয়ে টেলিটক **Prepaid** মোবাইল থেকে দরখাস্তের ফিস জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষর সহ সকল তথ্য দেখা যাবে। এই পৃষ্ঠা অবশ্যই প্রিন্ট করে রাখা উচিৎ। **কেননা এই ছবি ও স্বাক্ষরেই তিনি সর্বত্র পরিচিত হবেন।**

০৪.২৭ এ পৃষ্ঠায় যদি কোন ভুল তথ্য দেখা যায় অথবা ছবি বা স্বাক্ষর ভুল হয় তবে সঠিক ছবি/স্বাক্ষর বা তথ্য যোগ করে নতুন ভাবে ফরম পূরণ করতে হবে। একবার টাকা জমা দিলে এর পর ছবি বা স্বাক্ষর পরিবর্তনের সুযোগ নেই। কারিগরি সহায়তার জন্য টেলিটক নম্বর হতে **১২১** অথবা অন্য যে কোন অপারেটর থেকে ০১৫০০১২১১২১ নম্বরে রাত দিন ২৪ ঘন্টা কল করা যাবে।

০৪.২৮ **Prepaid** টেলিটকের মাধ্যমে ফিস জমা দিলে User ID ও Password পাওয়া যাবে। এটা উভয় মোবাইলেই আসবে। **ফরম পুরনের সময় লেখা স্টার চিহ্নিত নম্বরটি যে কোন অপারেটরের মোবাইল হলে চলবে। এই User ID ও Password দিয়ে ২৪-০৪-২০২১ খ্রিঃ, শনিবার থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।**

০৪.২৯ শুধু ফিসের টাকা Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে। প্রয়োজনীয় SMS ফরম পূরনের সময় প্রদানকৃত মোবাইল নম্বরে দেওয়া হবে।

০৪.৩০ **ফিস জমা দেয়ার পদ্ধতি**

(ক) টেলিটকের Prepaid মোবাইল ফোনের Message অপশনে গিয়ে BDS লিখে স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে:

*উদাহরণ:* BDS**<Space>FRLGCT Type** করে **Send** করুন **16222** নম্বরে। এখানে **FRLGCT** হলো ফরম পূরণ করে পাওয়া User ID । ফিরতি SMS-এ একটি PIN, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফিস হিসেবে ১০০০/- (এক **হাজার** ) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

(খ) Message অপশনে গিয়ে BDS লিখে স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে পছন্দের সর্বোচ্চ তিনটি **Centre Code** (১ নং সারণিতে) কমা (,) দিয়ে (উদাহরন: নিচে দেওয়া হলো) লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

*উদাহরণ:* BDS**<Space>YES<Space> 456789<Space> 51,54,55 Type** করে **Send** করুন **16222** নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN Number এবং **51,54,55** নম্বরগুলো হলো পরীক্ষা কেন্দ্রের কোড নম্বর। PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের Prepaid মোবাইল থেকে পরীক্ষার ফিস বাবদ ১০০০/- (একহাজার) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS-এ পরীক্ষা কেন্দ্রের নাম জানিয়ে একটি User ID ও Password দেওয়া হবে।

০৪.৩১ ২৪-০৪-২০২১ খ্রিঃ. শনিবার থেকে ২৬-০৪-২০২১ খ্রিঃ. সোমবার পর্যন্ত প্রার্থী উক্ত **User ID** ও **Password** দিয়ে তাহার প্রবেশ পত্র **Download** করে প্রিন্ট নিবেন।

০৪.৩২ **Download** করা প্রবেশ পত্র এবং এইচএসসি/সমমান পরীক্ষার **Registration** ফরম পরীক্ষার হলে অবশ্যই নিয়ে আসতে হবে। প্রবেশপত্র ওয়েব সাইটে দেওয়ার বিষয়টি SMS-এ জানানো হবে। প্রবেশপত্র হারিয়ে গেলেও পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। পরীক্ষার ফল প্রার্থীর মোবাইলে SMS এবং DGHS-এর ওয়েবসাইট www.dghs.gov.bd এর মাধ্যমে জানানো হবে। সারণি-১ এ পরীক্ষা কেন্দ্রের নাম ও কোড দেওয়া হলো।

| College Code No. | Name of Dental College/Medical College Dental Unit (Examination center) | No. Applicant (Maximum) |
|---|---|---|
| 51 | Dhaka Dental College, Dhaka. | 7000 |
| 52 | Chattogram Medical College Dental Unit, Chattogram. | 12000 |
| 53 | Rajshahi Medical College Dental Unit, Rajshahi. | 10000 |
| 54 | Shaheed Suhrawardy Medical College Dental Unit, Dhaka. | 12000 |
| 55 | Sir Salimullah Medical College Dental Unit, Dhaka. | 7000 |
| 56 | Mymensingh Medical College Dental Unit , Mymensingh | 15000 |
| 58 | Sher-E-Bangla Medical College Dental Unit, Barishal | 3000 |
| 59 | Rangpur Medical College Dental Unit, Rangpur | 7000 |
| | Total | 73000 |

| সারণি -২ : ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের নাম ও আসন সংখ্যা | | | | | |
|---|---|---|---|---|---|
| Code | Dental College/ Unit Name | General Seats | FF Seats | Tribal Seats | Total Seats |
| 51 | Dhaka Dental College, Dhaka | 108 | 2 | 0 | 110 |
| 52 | Chattogram Medical College Dental Unit, Chattogram | 59 | 1 | 0 | 60 |
| 53 | Rajshahi Medical College Dental Unit, Rajshahi | 58 | 1 | 0 | 59 |
| 54 | Shaheed Suhrawardy Medical College Dental Unit, Dhaka | 55 | 1 | 0 | 56 |
| 55 | Sir Salimullah Medical College Dental Unit, Dhaka | 50 | 1 | 1 | 52 |
| 56 | Mymensingh Medical College Dental Unit , Mymensingh | 50 | 1 | 1 | 52 |
| 57 | M.A.G. Osmani Medical College Dental Unit, Sylhet | 50 | 1 | 1 | 52 |
| 58 | Sher-E-Bangla Medical College Dental Unit, Barishal | 50 | 1 | 1 | 52 |
| 59 | Rangpur Medical College Dental Unit, Rangpur | 50 | 1 | 1 | 52 |

০৫. অনলাইনে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শুরুর তারিখ: আগামী ২৭-০৩-২০২১ খ্রি: তারিখ শনিবার (দুপুর : ১২.০০ টা)

০৬. অনলাইনে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ১৫-০৪-২০২১ খ্রি: তারিখ বৃহস্পতিবার (রাত্রি : ১১.৫৯মি: পর্যন্ত), এরপর কোন আবেদনপত্র গ্রহন করা হবে না।

০৭. ভর্তি পরীক্ষার তারিখ: ৩০-০৪-২০২১ খ্রি: রোজ শুক্রবার সকাল ১০.০০ থেকে ১১.০০ ঘটিকা। ০১ (এক) ঘন্টা। সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান কর্তৃক নির্ধারিত স্থানে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৮. ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে।

০৯. প্রার্থী মুল্যায়ন পদ্ধতি ও নম্বর বিভাজনঃ

০৯.১ এসএসসি ও এইচএসসি এর জিপিএ এবং লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী মুল্যায়ন করা হবে।
এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১৫ গুন = ৭৫ নম্বর (সর্বোচ্চ)
এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ২৫ গুন = ১২৫ নম্বর (সর্বোচ্চ)
MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা = ১০০ নম্বর মোট ৩০০ নম্বর

০৯.২ লিখিত পরীক্ষা (**এমসিকিউ পদ্ধতি**) = ১০০ নম্বর। **বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: জীববিজ্ঞান ৩০; রসায়নবিদ্যা ২৫; পদার্থবিদ্যা ২০; ইংরেজী ১৫; সাধারণ জ্ঞান: বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ ১০।**

০৯.৩ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বিডিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর (এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন + এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুন + ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর) থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে এবং পূর্ববর্তী বৎসরের সরকারী মেডিকেল বা ডেন্টাল কলেজ/ ইউনিট এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর থেকে ০৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকা তৈরি করা হবে। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে নূন্যতম ৪০ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গন্য হবেন। কেবল কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

০৯.৪ পূর্ববর্তী বৎসরে কোন আবেদনকারী যদি সরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটে ভর্তি হয়ে থাকেন, সেক্ষেত্রে অনলাইন ফরম পূরণ করার সময় ২০১৯-২০২০ সালে সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিটের ভর্তির অপসনে "Yes" এ ক্লিক করতে হবে এবং সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের অনুমতি গ্রহন করতে হবে। যদি কেউ তথ্য গোপন করে "No" অপসনে ক্লিক করেন এবং তা পরবর্তিতে প্রমানিত হয় সে ক্ষেত্রে ভর্তি বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

০৯.৫ ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফল চুড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে।
উত্তরপত্র "ওএমআর/আইসিআর" (OMR/ICR) মেশিনে পরীক্ষা করা হবে।

১০. **আগামী ২৭-০৩-২০২১ খ্রিঃ. তারিখ থেকে ১৫-০৪-২০২১ খ্রিঃ. পর্যন্ত উল্লেখিত নিয়মে অনলাইনে ভর্তির ফরম পুরনের সুযোগ থাকবে। উল্লেখিত তারিখ ও সময়ের পরে যদি কোন ছাত্র/ছাত্রী এইচএসসি এর সমমান পরীক্ষায় উর্ত্তীর্ণ হন, তবে তিনি ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সরকারি/বেসরকারি ডেন্টাল কলেজ/ ইউনিটে ভর্তির জন্য যোগ্য হবেন না।**

১১. বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা তাদের মার্কস সার্টিফিকেট সমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- টাকার ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করতে হবে।
**বাংলাদেশের নাগরিক যারা বিদেশ থেকে** এসএসসি এবং এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের মার্কসীটসমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস/ বাংলাদেশে অবস্থিত সংশ্লিষ্ট দেশের দূতাবাস এবং বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক সত্যায়িত করাতে হবে, অন্যথায় Equivalence Certificate দেওয়া যাবে না।

১২. সরকারি বিডিএস কোর্সে মোট আসন সংখ্যার বিভাজন সারণি-৩ এ উল্লেখ রয়েছে।

১৩. উপজাতি কোটা সমূহের কোড ৪ নং সারণিতে দেওয়া আছে।

**সারণি-৩ : BDS মোট আসন সংখ্যার বিবরণ**

| | | |
|---|---|---|
| General Seats | 530 | **BDS:** **Grand Total: 545** |
| FF Seats (2%) | 10 | |
| Tribal(3Hill Tracts) 3x1 | 03 | |
| Tribal (Other districs) | 02 | |

**সারণি-৪ : উপজাতী প্রার্থীদের জন্য কোড**

| Code | Quota Name |
|---|---|
| 71 | Rangamati Tribal |
| 73 | Khagrachari Tribal |
| 75 | Bandarban Tribal |
| 77 | Tribal other than Hill Tracts |

১৪. জাতীয় মেধাতালিকা ও প্রার্থী নির্বাচন

১৪.১ প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনকারী সকল কৃতকার্য পরীক্ষার্থীর জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখ সহ) প্রকাশ করা হবে।

১৪.২ সরকারি ডেন্টাল কলেজ/ ইউনিটে ভর্তির জন্য মুক্তিযোদ্ধা ও উপজাতীদের জন্য নির্ধারিত আসন বাদে অবশিষ্ট আসনে জাতীয় মেধায় ৮০% ও জেলা কোটায় ২০% প্রার্থী নির্বাচন করা হবে। একই সাথে যুক্তিযুক্ত সংখ্যক প্রার্থীদের মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। সংরক্ষিত আসন সমূহে নিজ নিজ শ্রেনীর দাবীদারদের মধ্য হতে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। এ ক্ষেত্রেও যুক্তিযুক্ত সংখ্যক মেধাভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। নির্বাচিত প্রার্থীর অর্জিত মেধাক্রম এবং কলেজ/ইউনিট পছন্দের ভিত্তিতে প্রার্থী ডেন্টাল কলেজ/কোন ডেন্টাল ইউনিটে ভর্তি হবেন তা স্বয়ংক্রিয়ভাবে নির্ধারন করা হবে।

১৪.৩ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ২% আসন মোট আসনের মধ্যে সীমিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধাদের সন্তান এবং সন্তানদের সন্তানরা আবেদন করতে পারবে।

১৪.৪ জাতীয়ভাবে গৃহীত বিডিএস ভর্তি পরীক্ষায় যে সকল প্রার্থী বেসরকারি ডেন্টাল কলেজে/ ইউনিট/ ইনস্টিটিউট এ ভর্তি হতে চান, মেধা অনুযায়ী তাদের মধ্যে থেকে একটা নির্দিষ্ট সংখ্যা পর্যন্ত বেসরকারি ডেন্টাল কলেজে/ ইউনিট/ইনস্টিটিউট এ ভর্তি পরীক্ষায় উপযুক্ত ঘোষনা করা হবে। উম্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে বেসরকারি ডেন্টাল কলেজ/ইউনিট/ইনস্টিটিউট কর্তৃপক্ষ উক্ত তালিকার ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে তাঁর ডেন্টাল কলেজ/ ইউনিট/ ইনস্টিটিউট এ ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের দরখাস্ত আহবান করবেন। প্রাপ্ত আবেদন হতে মেধাতালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন। প্রতিটি প্রতিষ্ঠান প্রতি দফায় ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের পূর্নাঙ্গ তালিকা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর (পরিচালক, চিকিৎসা শিক্ষা) বরাবরে প্রেরণ করবেন।

১৫. মাইগ্রেশন অর্থ্যাৎ ডেন্টাল কলেজ /ডেন্টাল ইউনিট বদলীর ক্ষেত্রে (সরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট এর জন্য প্রযোজ্য) ভর্তির জন্যে নির্ধারিত তারিখ শেষে শুন্য আসন সমুহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবেদন, মেধাস্থান ও ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট পছন্দ অনুযায়ী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট পরিবর্তনের (মাইগ্রেশন) সুযোগ দেয়া হবে। মাইগ্রেশন শেষে প্রাপ্ত শূন্য আসনসমূহ অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে। ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট থেকে ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট এ মাইগ্রেশন ছাত্র/ছাত্রীদের পছন্দ ও মেধার ভিত্তিতে একই সাথে হবে। বর্নিত নিয়ম ব্যতিত অন্য কোনভাবে মাইগ্রেশন বা বদলী হওয়া বা করা যাবে না।

১৬. **আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় *অবশ্যই* প্রদান করতে হবে।**

১৬.১ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

১৬.২ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/টেস্টিমোনিয়াল।

১৬.৩ জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।

১৬.৪ দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

১৬.৫ পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ ও জেলা প্রশাসকের সনদ এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র।

১৬.৬ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রিঃ মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য) স্বীকৃত তালিকা/গেজেটের নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে। চুড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নির্বাচিত ডেন্টাল কলেজ অথবা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট এ ভর্তির সময় মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্তির যথাযথ প্রমাণাদি দাখিল করতে হবে। প্রমানক ভুল প্রমানিত হলে ডেন্টাল কলেজ অথবা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট এ ভর্তির যোগ্য বিবেচিত হবে না। ভুল করে এই মুক্তিযোদ্ধা কোটা অপশন দিলে কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে। মুক্তিযোদ্ধা কোটার দাবিদার প্রার্থীর সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি বিধান অনুসরণ করা হবে।

১৭. পরীক্ষায় অবতীর্ণ/নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা ফল নির্ধারনে বিবেচিত হয়েছে) অসম্পূর্ণ ও ভুল প্রমানিত হলে তার পরীক্ষা/ফল/ভর্তি বাতিল বলে গন্য হবে।

১৮. ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত হয়। নির্ধারিত যে কোন কেন্দ্র হতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন একই কথা।

১৯. কোন প্রার্থী/আবেদনকারী মুক্তিযোদ্ধা ও উপজাতির কোটা ভুল করে পুরন করলে সাথে সাথেই নতুন ভাবে (টাকা জমা দেওয়ার পুর্বে) ফরম পূরন করতে হবে। কারন, প্রার্থীর চাহিত কোটায় আসন বরাদ্দ হলে, পরবর্তীতে উক্ত কোটার প্রয়োজনীয় কাগজ-পত্র দেখাতে না পারলে আসন বরাদ্দ বাতিল হয়ে যাবে। তখন আর সাধারন আসন বরাদ্দের কোন সুযোগ থাকবে না ।

২০. যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২১. **করোনাকালীন সময়ে পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমে স্বাস্থ্যবিধি মানার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করা হলো।**

23/03/2021

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০,
Email: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. মাননীয় মন্ত্রী , শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৬. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৭. সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৮. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- পরিচালক, আইও বিভাগ)
৯. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১২. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১৩. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস,বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা
১৫. উপাচার্য, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়
১৬. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
১৭. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
১৮. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৯. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
২০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
২১. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
২৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা
২৫. সভাপতি, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
২৬. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৭. পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২৮. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
২৯. অধ্যক্ষ অধ্যক্ষ অধ্যক্ষ, সরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ(সকল): অধ্যক্ষ : ৫১. ঢাকা ডেন্টাল কলেজ, ৫২. চট্টগ্রাম, ৫৩. রাজশাহী, ৫৪. শহীদ সোহরাওয়ার্দী, ৫৫. স্যার সলিমুল্লাহ, ৫৬. ময়মনসিংহ, ৫৭. এম,এ,জি,ওসমানী, ৫৮. শের-ই-বাংলা, ৫৯. রংপুর মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, রংপুর।অধ্যক্ষ, সরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট
৩০. অধ্যক্ষ, বেসরকারি সরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ (সকল):.............................................
৩১. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২. অধ্যক্ষ,.......................................................................বেসরকারী মেডিকেল (সকল)
৩৩. রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৩৪. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৩৫. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা (সকল মিডিয়াতে অত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩৬. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা
৩৭. অফিস কপি

23/03/2021

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নংঃ স্বাঃ শিঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/বিডিএস/২০২০-২০২১/৪৯০ তারিখ: ২৩-০৩-২০২১ খ্রিঃ

## ১ম বর্ষ বিডিএস কোর্সে ভর্তির আবেদন আহ্বান (২০২০-২০২১ শিক্ষাবর্ষ)
## সকল সরকারি ও বেসরকারি ডেন্টাল কলেজ/ইউনিট/ইনষ্টিটিউট এর জন্য প্রযোজ্য

২০২০-২০২১ শিক্ষা বর্ষে বিডিএস কোর্সে ভর্তির জন্য আবেদন বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী অনলাইনে আবেদনপত্র নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহবান করা হচ্ছেঃ

০১. বাংলাদেশের নাগরিক শিক্ষার্থী যারা ২০১৭ বা ২০১৮ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং ২০১৯ যা ২০২০ সালে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞানসহ উভয় পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা ভর্তির আবেদন করার যোগ্য হবেন। ইংরেজি ২০১৭ সালের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০২. সকল দেশী ও বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দু'টি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ হতে হবে।

০৩. সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০এর কম হলে আবেদনের যোগ্য হবেন না।

০৪. সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে।

০৫. ১০০ (একশত) নম্বরের ১০০ (একশত)টি এমসিকিউ প্রশ্নের ১ (এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় বিষয় ভিত্তিক নম্বর বিন্যাস: জীববিজ্ঞান ৩০; রসায়নবিদ্যা ২৫; পদার্থবিদ্যা ২০; ইংরেজী ১৫ এবং সাধারণ জ্ঞান: বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ ১০।

০৬. লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

০৭. লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গণ্য হবেন। শুধুমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধা তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

০৮. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ২০০ নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিত ভাবে মূল্যায়ন করা হবে:
ক) এসএসসি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ১৫ গুণ= ৭৫ নম্বর (সর্বোচ্চ)
খ) এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ২৫ গুণ = ১২৫ নম্বর (সর্বোচ্চ)

০৯. ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বিডিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর (এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন + এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুন + ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর) থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে এবং পূর্ববর্তী বৎসরের সরকারি ডেন্টাল কলেজ বা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট/মেডিকেল কলেজ এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর থেকে ০৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকা তৈরি করা হবে।

১০. লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং উপর্যুক্ত বর্ণিত পদ্ধতিতে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে কৃতকার্য পরীক্ষার্থীদের মেধা তালিকা প্রনয়ণ করা হবে।

**১১. অনলাইনে আবেদন পুরণ করার নির্দেশাবলী *www.dghs.gov.bd* ভাল ভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে অনলাইন আবেদন পুরণ করতে হবে। পরীক্ষার ফিস হিসেবে শুধু Prepaid টেলিটকের মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা জমা দিতে হবে।**

১২. *অনলাইনে আবেদন শুরুর তারিখ:* ২৭-০৩-২০২১ খ্রিঃ শনিবার (দুপুর : ১২.০০ টা)।

১৩. *অনলাইনে আবেদনের শেষ তারিখ:* ১৫-৪-২০২১ খ্রিঃ বৃহস্পতিবার (রাত্রি ১১.৫৯মি:পর্যন্ত), এরপর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৪. *প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড):* ২৪-০৪-২০২১ খ্রিঃ শনিবার থেকে ২৬-০৪-২০২১ খ্রিঃ সোমবার পর্যন্ত।

১৫. *ভর্তি পরীক্ষার তারিখ :* ৩০-০৪-২০২১ খ্রিঃ শুক্রবার *(সময়: সকাল ১০:০০ টা হতে ১১:০০ টা)।*

***১৬. BDS ভর্তির জন্য Online ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য (detail instructions for applicant) টেলিটকের ওয়েবসাইট: http://dghs.teletalk.com.bd, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mohfw.gov.bd এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে।***

১৭. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে।

১৮.১ বাংলাদেশী নাগরিক শিক্ষার্থী যারা বিদেশী শিক্ষা (O-Level/A-Level) কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদের মার্কস সীট সমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/-(দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করার সময় ID নম্বর নিতে হবে। (Equivalence Certificate সংগ্রহ করার জন্য এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষার মূল মার্কস সীট ও সনদপত্র [প্রযোজ্য ক্ষেত্রে] এবং মার্কস সীট ও সনদপত্র সমূহের সত্যায়িত কপি সাথে আনতে হবে)। ইতোমধ্যে যারা এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার জন্য Equivalence Certificate ও ID নিয়েছেন তাদের নতুন করে Equivalence Certificate ও ID নেওয়ার প্রয়োজন নাই।

**১৮.২ বাংলাদেশের নাগরিক যারা বিদেশ থেকে এসএসসি এবং এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের মার্কসীটসমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশী দূতাবাস/বাংলাদেশে অবস্থিত সংশ্লিষ্ট দেশের দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ কর্তৃক সত্যায়িত করাতে হবে, অন্যথায় Equivalence Certificate দেওয়া যাবে না।**

**১৯. মুক্তিযোদ্ধা কোটার (বীর মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানদের সন্তান) দাবিদার হলে Eligible for Freedom Fighter Quota বাটনে ক্লিক করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি: মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেটের নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে। চূড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নির্বাচিত ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে ভর্তির সময় মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্তির যথাযথ প্রমাণাদি দাখিল করতে হবে। প্রমাণক ভুল প্রমানিত হলে ডেন্টাল কলেজ বা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে ভর্তির যোগ্য বিবেচিত হবে না। ভুল করে এই মুক্তিযোদ্ধা কোটা অপশন দিলে কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে। মুক্তিযোদ্ধা কোটার দাবিদার প্রার্থীর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি বিধান অনুসরণ করা হবে।**

২০. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমানিত হলে, তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২১. ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট ***www.dghs.gov.bd*** থেকে জানা যাবে।

২২. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৩. করোনাকালীন সময়ে পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমে স্বাস্থ্যবিধি মানার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করা হলো।

23/03/2021

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
email: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. মাননীয় মন্ত্রী , শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৬. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৭. সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৮. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- পরিচালক, আইও বিভাগ)
৯. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১২. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১৩. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস,বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা
১৫. উপাচার্য, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়
১৬. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
১৭. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
১৮. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৯. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
২০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
২১. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
২৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা
২৫. সভাপতি, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
২৬. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৭. **পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)**
২৮. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
২৯. অধ্যক্ষ অধ্যক্ষ অধ্যক্ষ, সরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ(সকল): অধ্যক্ষ : ৫১. ঢাকা ডেন্টাল কলেজ, ৫২. চট্টগ্রাম, ৫৩. রাজশাহী, ৫৪. শহীদ সোহরাওয়ার্দী, ৫৫. স্যার সলিমুল্লাহ, ৫৬. ময়মনসিংহ, ৫৭. এম,এ,জি,ওসমানী, ৫৮. শের-ই-বাংলা, ৫৯. রংপুর মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, রংপুর।অধ্যক্ষ, সরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট
৩০. অধ্যক্ষ, বেসরকারি সরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ (সকল):..........................................
৩১. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২. রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৩৩ জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৩৪. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা (সকল মিডিয়াতে অত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩৫ সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা
৩৬ অফিস কপি

23/03/2021

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com